226

দৈনিক বাংলা

তারিখ 08 JUL 1995
পৃষ্ঠা ৪ কলাম ৭

# ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ টেবুলেশন শীটের অভাবে ফল প্রকাশে বিলম্ব

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ টাকার অভাব, প্রেসের ত্রুটিসহ বিভিন্ন সমস্যার কারণে টেবুলেশন শীট ছাপা না হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সনাতন পদ্ধতির ১৯৯১ সালের শেষ পর্ব মাষ্টার্স পরীক্ষার ১৫টি বিভাগের ফল প্রকাশে বিলম্ব ঘটছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক বিভাগের কর্মকর্তা সূত্রে জানা গেছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯১ সালের সনাতন পদ্ধতির মাষ্টার্স শেষ পর্বের পরীক্ষা ১৯৯৪ সালের ডিসেম্বর মাসে অনুষ্ঠিত হয়। পরীক্ষা সম্পন্ন হওয়ার পর পরই পরীক্ষা নিয়ন্ত্রকের দফতর থেকে প্রেসে টেবুলেশন শীট ছাপতে দেওয়া হয়। সূত্র জানান, টেবুলেশন শীট ছাপার পর "দ্রুত" পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণের কথা থাকলেও তা পাঠানো হয়নি। পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস থেকে পরে খোঁজ নিলে প্রেস থেকে জানানো হয়, মেশিনের ত্রুটি, লোকবল কম এবং টাকার সমস্যার কারণে দ্রুত সম্ভব হচ্ছে না। গত জানুয়ারী মাসে একথা জানানো হলেও এখনও পর্যন্ত ১৫টি বিভাগের টেবুলেশন শীট প্রেস থেকে ছাপানো বাকি রয়েছে। এভাবে ফল প্রকাশে বিলম্ব হওয়ায় পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস থেকে যে সকল বিভাগের ফল প্রকাশ হয়নি তাদের সমস্যার কথা লিখিতভাবে জানানো হয়েছে।

যে সকল বিভাগের ফল প্রকাশ এখনও সম্ভব হয়নি তার মধ্যে রয়েছে বাংলা, ভূগোল, ইতিহাস গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান, পরিসংখ্যান প্রভৃতি।

প্রতিবছরই পরীক্ষা সংক্রান্ত ব্যয়ের জন্য কর্তৃপক্ষ একটি নির্দিষ্ট পরিমাণ টাকা বরাদ্দ করেন যা এ বছর ও ১৯৯৫-৯৬ অর্থবছরেও করা হয়েছে। সূত্র জানান, গত বছর যে টাকা বরাদ্দ করা হয়েছিল তা শেষ হবার পর নতুন কোন টাকা আসেনি, তাই এই সমস্যার সৃষ্টি হয়েছে।

এব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক শাহ মোঃ হাবিবুর রহমানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি এ প্রসঙ্গে বলেন, সমস্যা আছে। তারপরও দ্রুত যাতে ফল প্রকাশের ব্যবস্থা করা যায় সে প্রচেষ্টা চালানো হচ্ছে।